



বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ



ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়

বিজ্ঞপ্তি নম্বরঃ ৪৯/২০২৩

তারিখ: ১১ আষাঢ় ১৪৩০
২৫ জুন ২০২৩

১০টি ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে 'অফিসার (জেনারেল)' (Job ID-10181) এর ২০২১ সাল ভিত্তিক ২৭৭৫টি শূন্য পদে নিয়োগের উদ্দেশ্যে অনুষ্ঠিতব্য নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রবেশপত্র ডাউনলোড প্রসঙ্গে।

ব্যাংকার্স সিলেকশন কমিটির তত্ত্বাবধানে ১০টি ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে (সোনালী ব্যাংক লিঃ, জনতা ব্যাংক লিঃ, অগ্রণী ব্যাংক লিঃ, রূপালী ব্যাংক লিঃ, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ, বাংলাদেশ কৃষি ব্যাংক, বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন, প্রবাসী কল্যাণ ব্যাংক, কর্মসংস্থান ব্যাংক এবং ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ)-এ 'অফিসার (জেনারেল)' (Job ID-10181) এর ২০২১ সাল ভিত্তিক ২৭৭৫টি শূন্য পদে সরাসরি নিয়োগের উদ্দেশ্যে অনুষ্ঠিতব্য নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনলাইনে আবেদনকারী প্রার্থীদের মধ্য হতে প্রাথমিকভাবে যোগ্য বিবেচিত প্রার্থীদের প্রবেশপত্র বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইটে (<https://erecruitment.bb.org.bd>) আপলোড করা হয়েছে।

পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী প্রার্থীদের আগামী ৩১/০৭/২০২৩ তারিখের মধ্যে শুধুমাত্র উপরোক্ত ওয়েবসাইট হতে প্রবেশপত্র সংগ্রহের জন্য পরামর্শ দেয়া যাচ্ছে। পরীক্ষার তারিখ, সময় এবং পরীক্ষা কেন্দ্রের নাম ও ঠিকানা পরবর্তীতে বাংলাদেশ ব্যাংক এর ওয়েবসাইট এবং জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তির মাধ্যমে প্রকাশ করা হবে।

উল্লেখ্য, নির্ধারিত তারিখের পরে কোনো অবস্থাতেই প্রার্থীদের প্রবেশপত্র সংগ্রহের সুযোগ থাকবে না। এ বিষয়ে যে কোন প্রয়োজনে প্রার্থীদের info.bsccs@bb.org.bd ই-মেইলে যোগাযোগ করার পরামর্শ প্রদান করা যাচ্ছে।

স্বাক্ষরিত/-
(মোঃ সাঈদুর রহমান খান)
পরিচালক (বিএসসিএস),
ও
সদস্য-সচিব, বিএসসি।